18 SEP 2016

তারিখ 18 SEP 2016
পৃষ্ঠা ৪ কলাম ৩

প্রথম আলো

# শিক্ষা দিবসে বৈষম্য ও বাণিজ্যিকীকরণ বন্ধের দাবি

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষায় বৈষম্য নিরসন ও বাণিজ্যিকীকরণ বন্ধের দাবির মধ্য দিয়ে গতকাল শনিবার পালিত হলো ঐতিহাসিক শিক্ষা দিবস। দিবসটি উপলক্ষে বিভিন্ন শিক্ষক, অভিভাবক ও ছাত্রসংগঠন পৃথক কর্মসূচি পালন করে এসব দাবি করেছে।

শিক্ষা দিবস উপলক্ষে ছাত্র ইউনিয়ন গতকাল বিকেলে পুরানা পল্টনের মুক্তি ভবনে এক আলোচনা সভার আয়োজন করে।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন ছাত্র ইউনিয়নের সভাপতি লাকী আক্তার।

জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের উদ্যোগে জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধন হয়। পরে প্রেসক্লাবে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অভিভাবক ঐক্য ফোরাম পৃথক এক আলোচনা সভা করে শিক্ষাকে বাণিজ্যিকীকরণ বন্ধের দাবি জানিয়েছে।